# Company & its strength

## About Copotronic:

Copotronic InfoSystems has established in 1996 as a partnership IT company in Chittagong, the port city of Bangladesh with the effort of a university student. Initially the company worked for providing computer training & selling of computer, hardware and network solutions. From 1996 to 2000 Copotronic gained more than 30,000 computers selling experience along with a huge number of customers in private, Govt., organizations and many of individuals and also trained more than 2500 individuals in Basic computing, programming, graphics designing, hardware trouble shooting etc. After getting training from Copotronic a huge number of students now a day established themselves as IT professional in IT/ITES industries in both home & abroad.

Copotronic became a private limited company in June, 2001 and expanded its activities in more in training & software solutions and development track. So Copotronic has a working experience in ICT market for of more than 16 years. Now a day the core business of the company is software development and software based solution providing & training for large industries & educational institutes and from its 3 (three) offices both in Dhaka, Chittagong, and Joypurhat.

## Partnership with Govt.:

For the outstanding performance Copotronic InfoSystems Limited become a Private-Govt. joint partnership software company having Government investment & participation in management.

Under “Entrepreneur Equity Fund (EEF)” project of Ministry of Finance, by the direct supervision of Bangladesh Bank & ICB, an evaluation committee consisting of representatives from Finance, Commerce & ICT ministry - BCC, FBCCI & presidents of BASIS, BCS & ISPAB has evaluated the financial, technical & managerial capabilities of Copotronic. Out of 400 applicants Copotronic’s project attained highest for Govt. partnership in EEF project.

**Copotronic is a 51:49 partnership software company with Govt. with a paid up capital 42 million & System Manager of ICB is the nominated director of Copotronic for Govt. of Bangladesh.**

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

INVESTMENT CORPORATION OF BANGLADESH

৮, ডি আই টি এভিনিউ (লেভেল ১৪-১৭), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স-৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৩৩১৩

8, DIT AVENUE (Level 14-17), DHAKA, BANGLADESH, PABX : 9563455, (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agni.com


## প্রত্যয়ন পত্র

দেশের সম্ভাবনাময় ও প্রতিশ্রুতিশীল বিবেচিত সফটওয়্যার শিল্পে নতুন বিনিয়োগ উৎসাহিত করার লক্ষ্যে উদ্যোক্তা সম-মূলধন গঠনের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাথে বাংলাদেশ ব্যাংকের এজেন্সি এগ্রিমেন্ট মোতাবেক বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ এর ১৬ (১৮)/বি ধারা বলে ইইএফ কার্যক্রম ও অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সার্কুলার মোতাবেক এর ব্যবস্থাপনা একমাত্র রাষ্ট্রীয় বিনিয়োগ সংস্থা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর মাধ্যমে পরিচালিত হয়।

এই মর্মে প্রত্যায়ন করা যাচ্ছে যে, "কপোট্রনিক ইনফোসিস্টেমস লিমিটেড" উপরোক্ত ধারা বলে সরকারী বেসরকারী যৌথ বিনিয়োগে প্রতিষ্ঠিত একটি সফটওয়্যার ডেভেলপমেন্ট প্রতিষ্ঠান।

প্রতিষ্ঠানটিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ৪৯% মালিকানা রয়েছে এবং সরকারের পক্ষে আইসিবির একজন সিস্টেম ম্যানেজার উক্ত প্রতিষ্ঠানে পরিচালক হিসেবে নিয়োজিত রয়েছেন।

সরকারী অর্থের যথাযথ প্রয়োগ,দেশের সম্ভাবনাময় ও প্রতিশ্রুতিশীল বিবেচিত সফটওয়্যার শিল্পের উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে কপোট্রনিক ইনফোসিস্টেমস লিমিটেডকে সফটওয়্যার ও অটোমেশন সংক্রান্ত কার্যাদেশ প্রদানে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে বিশেষ ভাবে সুপারিশ করা হল।

আমি প্রতিষ্ঠানটির সার্বিক উন্নতি কামনা করি।

ধন্যবাদান্তে

(মোঃ ফায়েকুজ্জামান)
ব্যবস্থাপনা পরিচালক
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

## Working Experience in Training, Education & Software Development

**Learning & Earning Development Project:**

Copotronic has successfully completed training of 200 students in Basic IT/ITES course under “Learning and Earning Development Project” in 10 unions of Meherpur & Hobigonj district.















Some picture of “Learning & Earning Development Project” conducted training and opening-closing ceremony by Honorable MP, DC, ADC and journalist at Meherpur & Hobigonj.

**Skill Enhancement Program:**

Copotronic is the authorized training center for “Skill Enhancement Program” of Bangladesh Hi-Tech Park Authority to provide IT and outsourcing training to more than 150 graduates under ICT ministry.

Copotronic also authorized company for “Employee Incentive Program” of Hi-Tech Park under ICT ministry to train and provide employment to the graduate students. Upto now Copotronic trained and provide employment of 65 persons under the project.





**Support to Development of Kaliakoir Hi-Tech Park Project**
**Bangladesh Hi-Tech Park Authority**
**Information and Communication Technology Division**
**BCC Bhaban, Agargaon, Dhaka-1207**
http://sdkhtp.htpbd.org.bd

March 16, 2016

## TO WHOM IT MAY CONCERN

This is to certify that Copotronic Infosys Ltd., 1376/A, 3rd Floor, CDA Avenue, GEC Circle, Chittagong is an approved training provider in "Support to Development of Kaliakoir Hi-Tech Park" Project funded by The World Bank. From October 2014 Copotronic Infosys Ltd. is provided training in Graphics Design and Basic Networking under Skill Enhancement Program of the Project.

Copotronic Infosys Ltd has been completed successfully all the approved courses by the Project. Their scope of work includes organizing and executing the training, arranging assessment & evaluation test and job placement of the trainees. They have carried out their obligation with all due diligence, efficiency and economy in accordance with prescribed & accepted professional techniques and norms, and with sound management practices.

16.03.2016
Project Director
Support to Development of
Kaliakoir Hi-Tech Park Project
Tel: 8181342

**Company Certification Program:**

Copotronic become a ISO 9001-2008 certified company for Quality Management system under the “Company Certifications Program” of Support to development of Kaliakoir Hi-Tech Park development project.



CERTIFICATE OF QUALITY MANAGEMENT SYSTEM CERTIFICATION

Certificate No.ABZB15Q20010R0S

This is to Certify that the Quality Management System of

COPOTRONIC INFOSYSTEMS LTD.

is in conformity with

ISO9001:2008 Standard

This certificate is valid to the following product(s)/service(s)

DESIGN AND DEVELOPMENT OF SOFTWARE

REGISTERED ADDRESS:1376/A, CDA AVENUE, GEC SQUARE, CHITTAGONG 4000, BANGLADESH

GEOGRAPHIC ADDRESS:1376/A, CDA AVENUE, GEC SQUARE, CHITTAGONG 4000, BANGLADESH

Issue Date: JAN. 07, 2015 Beijing New Century Inspection & Certification Co., Ltd.

Reissue Date: JAN. 07, 2015 General Manager:

Valid Until: JAN. 06, 2018

BCC Address:11/F,Building,1 Guoying,Nanxiaojie,Xizhimennei,Xicheng District,Beijing,P.R.China

The certificate is valid within the term of validity of all administrative and qualification license subject to the regulation of P.R.China

It shall be maintained by regular surveillance assessments and shall be valid when used in conjunction with the Notice of Surveillance Decision

The query website of certificate valid state:www.bcc.com.cn 2-dimensional bar code seach:v.bcc.com.cn

The certificate information is available in the CNCA website:www.cnca.gov.cn

**C-Level Training Program:**


Copotronic's Managing Director has successfully completed "Advance Management Course" from University of Hong Kong under the "C Level Training Program" of Bangladesh HI-Tech Park authority and now also working as a resource person of Hi-Tech Park authority to conduct C-Level training to the C-level executives working in IT/ITES industries. Upton now trained more than 100 C-Level executives of the country.







**Skill Certificate from HKU & Microsoft:**


The University of Hong Kong
Faculty of Business and Economics
Executive Education

certifies that

Mohammed Imrul Islam Chowdhury

has successfully completed the

Advanced Management Programme

consists of nine modules over 12 days (November 25 to December 7 2013)

December 2013

Module 1. Creativity and Business Model Transformation
Module 2. Finance for Non-Finance Managers
Module 3. Business Ethics
Module 4. Communication and Conflict Resolution
Module 5. Operations Management
Module 6. Leadership for Change and People Management
Module 7. Entrepreneurship and Innovation
Module 8. Service Marketing
Module 9. Strategic Management

Prof. Amy H. Lau
Director, Executive Education
Faculty of Business and Economics
The University of Hong Kong


Certificate of Excellence

Microsoft Certified Professional

MD. IMRUL ISLAM CHOWDHURY

has successfully completed the requirements
to be recognized as a
Microsoft Certified Professional

Microsoft

Signed by

**C-Level Training:**

Copotronic providing C-level Advance Management Training to C Level Executive of Bangladesh IT Industries under Bangladesh Hi Tech park authority under Ministry of ICT. Upto now Copotronic conducted training to more than 100 C Level executive of Bangladesh IT and ITES industries.



Conducting C-Level Training at Hi-Tech Park with Secretary of ICT Mr. N. I. Khan.






Conducting C-Level Training at Hi-Tech Park with Secretary of ICT, PD of Hi-Tech Park




Receiving Trainer certificate from Honorable State Minister of ICT for conducting C-level training at Hi-Tech Park.

# Support to Development of Kaliakoir Hi-Tech Park Project

## Bangladesh Hi-Tech Park Authority

**Information & Communication Technology Division**

**Certifies that**

**Mohammed Imrul Islam Chowdhury**
MD , Copotronics Info systems Ltd
has successfully conducted the
**Advanced Management Programme**
**February 2014**

Module-7
Entrepreneurship & innovation

| A.N. M. Safiqul Islam<br>Project Director<br>Support to Development of<br>Kaliakoir Hi-Tech Park Project | Hosne Ara Begum ndc<br>Managing Director<br>Bangladesh Hi-tech park<br>Authority | Md. Nazrul Islam Khan<br>Secretary<br>Information & Communication<br>Technology Division |
|---|---|---|

**eLearning platform for Ministry of Education:**

Copotronic is authorized technical partner of Dhaka, Chittagong and Comilla education board under “e-sheba” project of Education of Ministry. Copotroinic has developed software and providing all sorts online services, web portal, staffs and teachers training. Copotronic has already trained more than 5000 secondary school & college teachers located in more than 120 Upozilla. Upto now Copotronic has developed trainee management systems and serves more than 10000 education institutes, 50 million students & teachers by several online services.

**Web Based/Online Services Developed by Copotronic:**

Copotronic has developed and operating a large Govt. sector enterprise solution to automate Document Management, Decision making, Data Management & Work flow Management like education boards automation system under Ministry of Education and providing web based services to automate several facilities for education board, institutes, students & teachers for last 5 years which. By using online services, they do not need to go any board office to collect any application form and submit manually. Through online everyone can submit applications and can get updates through SMS or email. The following services are included in web based automation systems;




**Unique web framework for 5000 education institution:**

## Govt. Schools Online Admission Project:




### Govt. School's Online Admission 2016

### Schools wise total student

Total Student: 24588
Total Payment : 3688200

**BOYS SCHOOL'S LIST**

| Sl No | School's Name | Total Male | Total Student | Quota |
|---|---|---|---|---|
| 1 | CHITTAGONG COLLEGIATE SCHOOL | 4358 | 4358 | 170 |
| 2 | HAZI MOHAMMAD MOHSIN GOVT. HIGH SCHOOL | 720 | 720 | 34 |
| 3 | CHITTAGONG GOVT. HIGH SCHOOL | 984 | 984 | 30 |
| 4 | GOVT. MUSLIM HIGH SCHOOL | 3802 | 3802 | 251 |
| 5 | NASIRABAD GOVT. HIGH SCHOOL | 4143 | 4143 | 262 |
| 6 | BAKOLIA GOVT. HIGH SCHOOL(boys) | 1678 | 1678 | 122 |
| | Total | 15685 | 15685 | 869 |

**Brief Description of eLearning software modules developed by Copotronic:**

| Sl. | Web based Service Name |
|---|---|
| 1 | Web Portal of Comilla & Chittagong education board (www.comillaboard.gov.bd& www.bise-ctg.gov.bd)<br>Copotronic has developed websites for around 5000 schools and colleges under Comilla & Chittagong education board and serving following services for the web portals;<br>• Hosting of board web portal<br>• Hosting of 5000 sub-domain<br>• Maintenance of sites<br>• Code up gradation & management<br>• Site security<br>• Add/remove online services links<br>• Managing notice, information |
| 2 | eSIF (Electronic students information form)<br>Operating, maintenance, modification, up gradation of eSIF software for JSC, SSC & HSC examination for data entry of more than 10,00,000 students per year. Total number of students gradually increasing by year.<br>• JSC: 2,70,761 students in 2017, SSC: 2,10,963 students in 2017.HSC: 1,16,385 students in 2017 in Comilla board.<br>• JSC:1,70,000, SSC:1,34,980,HSC:96,512 in the year 2017 in Chittagong board. |
| 3 | Electronic Examinee Selection (EFF)<br>Operating, maintenance, modification, up gradation of Form Fillup software for JSC, SSC & HSC examination for data entry of more than 10,00,000 students per year. Total number of students gradually increasing by year. |
| 4 | Online Teachers Profile (eTIF)<br>Managing Teachers information software for around 50,000 teachers, 3 times for 3 exam yearly. |
| 5 | Institute Information Form (IIF)<br>Keeping database and updating data for 20000 institution providing user name and password for all institute by SMS service that they can update their information online |
| 6 | Examination Center Information (ECI)<br>For JSC,SSC,HSC exam providing this online service to collect exam center real time information of exam, now 700 exam centre are operating by this online software with 1000000 students |
| 7 | Electronic Appointment Letter<br>Preparing online teachers appointment letter by online individual panel for all teacher. Yearly around 50,000 teachers getting services by this online service. |
| 8 | SSC HSC Online Practical Mark<br>All examinees online practical marks are collected by this online services yearly around 700000 |

| | |
|---|---|
| 9 | JSC,SSC HSC Public Result<br>(institute/Individual/Center wise)<br>Publishing for all results individually students wise, re-scrutiny, center wise and institute wise more than 10,00,000. |
| 10 | Telephone / mail & Data support<br>It's a huge work to receive phone call and online support, mail, SMS services to 5000 institutes and board all departments' requirements over phone and mail for above all services round the year. |
| 11 | SMS Panel<br>Copotronic provided SMS panel to board, that board can send SMS by their own |
| 12 | Online accounts generate by connecting with Sonali seba service of Sonali bank. |
| 13 | Providing Dedicated Server, hosting & Maintenance |
| 14 | Remuneration and Income Tax Certificate<br>By online mobile banking yearly more than 10000 teachers getting payment and tax certificates by online |

**eLearning Project of Ministry of Education:**









Conducting Training to teachers under Dhaka education board for online services. Honorable Minister of Education has inaugurated the event.

Conducting Training to 1500 teachers of Chittagong education board for online services under e-Sheba Project under Ministry of Education








Conducting 2500 teachers training at Comilla Education board for online services under eSheba project of Ministry of Education.





**Online Video Portal of Govt Schools Principal:**
**Certifications:**

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

তারিখঃ ২২/০৯/২০১৪

## প্রত্যায়ন পত্র

এই মর্মে প্রত্যায়ন করা যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রনালয় নির্দেশিত শিক্ষা প্রশাসনে ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা মেসার্স কপোট্রনিক ইনফোসিস্টেমস লিমিটেডকে অত্র বোর্ড ও বোর্ডের অন্তর্গত প্রায় ছয় হাজার শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবপোর্টাল, সাব-ডোমেইন ও অনাইন সার্ভিসেসের জন্য ডেডিকেটেড সার্ভার হোস্টিং ও প্রতিনিয়ত ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের কার্যাদেশ প্রদান করে।

মেসার্স কপোট্রনিক ইনফোসিস্টেমস লিমিটেড মন্ত্রনালয়ের নির্দেশনা ও বোর্ডের চাহিদা অনুযায়ী উক্ত ওয়েবপোর্টাল, সাব-ডোমেইন ও অনাইন সার্ভিসেসের ডেডিকেটেড সার্ভার হোস্টিং সফলতার সহিত সম্পন্ন করেছে ও নিয়মিতভাবে তার ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষন সম্পাদন করে যাচ্ছে।

আমি উক্ত প্রতিষ্ঠানের সার্বিক সাফল্য ও উন্নতি কামনা করি।

ধন্যবাদান্তে

২২/০৯/১৪

প্রকৌ. মোঃ মনজুরুল কবীর
সিনিয়র সিস্টেম এনালিস্ট
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
**E-mail** : info@bise-ctg.gov.bd, **Website**: www.bise-ctg.gov.bd

তারিখ : ১২/০৫/২০১৪

## প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনার আলোকে শিক্ষা প্রশাসনে ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম কর্তৃক কপোট্রনিক ইনফোসিস্টেমস্ লিমিটেড-কে এ বোর্ডের ওয়েব পোর্টাল ও এ বোর্ডের আওতাধীন ১২৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানের সাব-ডোমেইন ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য কার্যাদেশ প্রদান করে।

কপোট্রনিক ইনফোসিস্টেমস্ লিমিটেড কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ও বোর্ডের চাহিদা অনুযায়ী উক্ত ওয়েব পোর্টাল নির্মাণসহ সাব-ডোমেইনের কার্যাদি সফলতার সাথে সম্পন্ন করেছে ও নিয়মিতভাবে ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ সম্পাদন করে যাচ্ছে।

আমি উক্ত প্রতিষ্ঠানের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি।

(প্রফেসর মোঃ আবদুর রাজ্জাক)
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৫৫৩১৫৫

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোনঃ ০৮১-৭৬৩২৮, ফ্যাক্সঃ ০৮১-৭৬৪৩৮

ওয়েবঃ www.comillaboard.gov.bd


তারিখঃ ০৯-০৩-২০১৪

## প্রত্যায়ন পত্র

এই মর্মে প্রত্যায়ন করা যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় নির্দেশিত শিক্ষা প্রশাসনে ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা, কপোট্রনিক ইনফোসিস্টেমস লিমিটেডকে কুমিল্লা শিক্ষাবোর্ড ও এ বোর্ডের অন্তর্গত ২৫০০ টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন অনলাইন সার্ভিসের জন্য প্রয়োজনীয় সফটওয়্যার যথা এসএসসি, এইচএসসি, জেএসসি পাবলিক পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন, ইলেক্ট্রনিক স্টুডেন্ট ইনফরমেশন, ইলেক্ট্রনিক ফরম ফিলাপ, অনলাইন সেন্টার ইনফর্মেশন, এসএমএস সার্ভিস ইত্যাদির নির্মাণ ও প্রতিনিয়ত ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের কার্যাদেশ প্রদান করে।

কপোট্রনিক ইনফোসিস্টেমস লিমিটেড মন্ত্রণালয়ের নির্দেশনা ও বোর্ডের চাহিদা অনুযায়ী উক্ত অনলাইন সার্ভিসের কার্য সফলতার সহিত সম্পন্ন করেছে ও নিয়মিত ভাবে তার ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের কার্য সম্পাদন করে যাচ্ছে।

আমি উক্ত প্রতিষ্ঠানের সার্বিক সাফল্য ও উন্নতি কামনা করি।

ধন্যবাদান্তে

(বিকাশ চন্দ্র মল্লিক)
সিস্টেম এনালিস্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

বিকাশ চন্দ্র মল্লিক
সিস্টেম এনালিস্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
কুমিল্লা।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, ষোলশহর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

তারিখঃ ১৬/১০/২০১৬

## প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, কপোট্রনিক ইনফোসিস্টেমস লিমিটেড অত্র বোর্ডের ইটিআইএফ(ইলেকট্রনিক টিচার্স ইনফরমেশন ফরম) শিক্ষকদের ডাটাবেজ হতে যাচাইকৃত তথ্য নিয়ে ডাচ-বাংলা ব্যাংকের সহায়তায় প্রায় ১৪ হাজার শিক্ষকের মোবাইল ব্যাংকিং একাউন্ট চালু করেছে। অত্র বোর্ড উক্ত মোবাইল ব্যাংকিং একাউন্টের মাধ্যমে ২০১৪-১৫ শিক্ষাবর্ষের জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় নিয়োজিত ৯ হাজার পরীক্ষকগণের সম্মানীবাবদ প্রায় সাড়ে ৬ কোটি টাকা পরিশোধ করেছে।

এই মোবাইল ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে সম্মানীর অর্থ শিক্ষকগন ঘরে বসেই গ্রহন করতে পেরেছেন যার কারণে তাদের স্বশরীরে বোর্ডে উপস্থিত হতে হয়নি এবং তারা ব্যাপকভাবে উপকৃত হয়েছেন।

আমি উক্ত প্রতিষ্ঠানের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি।

(শওকত আলম)
উপ-পরিচালক
হিসাব ও সংরক্ষণ বিভাগ
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।
ফোনঃ ০৩১-২৫৫৫৩১৫৫


**Attended training at Japan on Business Innovation by IT by the scholarship from AOTS, under Ministry of Commerce, Japan and interview on TV at IT Zone program.**







**Certification:**



THE ASSOCIATION FOR OVERSEAS TECHNICAL SCHOLARSHIP (AOTS)

*JAPAN*

*This is to certify that*

*Mr. MOHAMMED IMRUL ISLAM CHOWDHURY*

*has successfully completed*

*The Program for Business Innovation by Information Technology (BIIT)*

*from July 7, 2010 to July 20, 2010*

*Date July 20, 2010 No. 1006070*

*Chairman* M. Ito

**Conducting NASA Space Apps Challenge Training program by BASIS, as a Convener of BASIS Chittagong Chapter at Independent University Chittagong**











**Certificate of BASIS:**



MEMBERSHIP
Certificate

BASIS

*This is to certify that*

**Copotronic InfoSystems Limited**

1376/A, (3rd Floor), CDA Avenue
GEC Circle, Chittagong - 4000

*is a* General *Category Member of*

*Bangladesh Association of Software and Information Services*

*for the year* 2008 *having Membership Number* G-295

Secretary General

President

**Bangladesh Association of Software and Information Services**

Registration no: TO-428/(98)

BSRS Bhaban (5th Floor-West),12 Kawran Bazar C/A, Dhaka -1215, Bangladesh.

Tel : +880 2 815 1196 - 7, 814 4708 - 9, Fax : +880 2 815 1197, E-mail : info@basis.org.bd, Website : www.basis.org.bd

**Conducting ICT career development training to the students of Business administration University of Chittagong.**








**Conducting ICT career development training to the students of Asian University of Women.**






**Some comment of News Paper:**

# প্রযুক্তিতে আরেক ধাপ এগোলো চট্টগ্রাম শিক্ষাবোর্ড

**রতন বড়ুয়া ॥** ডিজিটালাইজড-এর পথে আরো একধাপ এগিয়ে গেল চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড। এবার থেকে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর সার্বিক ফলাফল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে দিয়ে দেয়া হবে। আগামী ১৩ আগস্ট ২০১৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল দেয়ার মাধ্যমেই এর যাত্রা শুরু করছে শিক্ষাবোর্ড। এতে করে প্রত্যন্ত অঞ্চল ও উপজেলা পর্যায়ে অবস্থিত দূর-দূরান্তের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে সার্বিক ফলাফলের জন্য জেলা প্রশাসনে না আসলেও চলবে। ফলে শিক্ষাপ্রতিষ্ঠান সংশ্লিষ্টদের আগের মতো দুর্ভোগ পোহাতে হবেনা। এত বছর ধরে শিক্ষার্থীদের ফল ওয়েব সাইটে পাওয়া গেলেও প্রতিষ্ঠানের সার্বিক ফলাফল সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় থেকে বেলা ১১/১২টার দিকে সংগ্রহ করতে হতো। আর এই ফলাফল সংগ্রহের জন্য দূর-দূরান্তের অনেক শিক্ষাপ্রতিষ্ঠান সংশ্লিষ্টদের একদিন আগেও জেলা সদরে আসতে হতো। কারণ, অনেক প্রত্যন্ত অঞ্চল রয়েছে যেখান থেকে বেলা ১১/১২টার মধ্যে জেলা সদরে আসা সম্ভব নয়। বোর্ডের এই উদ্যোগের ফলে এবার থেকে অর্থ ও সময়ের অপচয় ছাড়াও ভোগান্তি থেকে মুক্তি পাচ্ছে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো। শিক্ষাবোর্ডের এ উদ্যোগকে ইতিবাচক অগ্রগতি হিসেবেই দেখছেন শিক্ষক-শিক্ষাবিদ ও শিক্ষাপ্রতিষ্ঠান সংশ্লিষ্টরা।

**এবার থেকে পরীক্ষার ফল শিক্ষাপ্রতিষ্ঠানের ওয়েবসাইটে**

**১৩ আগস্টের উচ্চ মাধ্যমিক ফল দিয়েই প্রক্রিয়া শুরু**

এবার প্রথমবারের মতো বোর্ডের অধীন ২০৪টি শিক্ষাপ্রতিষ্ঠান এ সুবিধা পাচ্ছে বলে জানিয়েছেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. পিযূষ দত্ত। তিনি আজাদীকে বলেন, আগামী ১৩ আগস্ট উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ হচ্ছে। প্রথমবারের মতো এই প্রতিষ্ঠানগুলোর প্রতিটির ওয়েব সাইটে ফল আপলোড করে দেয়া হবে। ওই দিন দুপুর দেড়টায় নিজস্ব ওয়েবসাইট থেকে সার্বিক ফলাফল জানতে পারবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান। সব শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট আছে কিনা জানতে চাইলে পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, শিক্ষাবোর্ডের অনুমোদিত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে এর আগে বোর্ডের ওয়েবসাইটের সাব ডোমেইনে যুক্ত করা হয়েছে। এখন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের আলাদা সাব ডোমেইন রয়েছে। সেখানেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সার্বিক ফলাফল আপলোড করা হবে। এর মাধ্যমে কোন ধরণের ঝামেলা ছাড়াই সার্বিক ফলাফল পাবে শিক্ষা প্রতিষ্ঠানগুলো। এইচএসসি ছাড়াও এখন থেকে জেএসসি ও এসএসসির ফলাফলও একই ভাবে প্রকাশ করা হবে বলে জানান পরীক্ষা নিয়ন্ত্রক ড. পিযূষ দত্ত।

এদিকে, এটি প্রযুক্তির একটি বড় ধরনের সুফল বলে মন্তব্য করেছেন প্রবীণ শিক্ষাবিদ, ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মু. সিকান্দার খান। তিনি বলেন, *১১ পৃষ্ঠার ৭ম কলাম*

দৈনিক

**আজাদী**

প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



প্রথম আলো



## সংক্ষেপ

### কাগজবিহীন ফল প্রকাশ

শিক্ষা বোর্ডগুলো অধীনস্থ শিক্ষাপ্রতিষ্ঠানে কাগজবিহীন ফল পাঠানো শুরু করেছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ড এবার উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার (এইচএসসি) পূর্ণাঙ্গ ফল নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের পাশাপাশি অধীনস্থ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতেও তা ই-মেইলের মাধ্যমে পাঠিয়েছে। অন্য বোর্ডগুলো পুরোপুরিভাবে না হলেও কাগজবিহীন ফল প্রকাশের দিকে ধীরে ধীরে এগোচ্ছে। এর আগে কাগজে ছাপা ফলাফলের অনুলিপি শিক্ষা বোর্ড থেকে কলেজে পাঠানো হতো। এতে বাড়তি সময় ও নানা জটিলতা দেখা দিত। গতকাল বুধবার প্রকাশ হওয়া এইচএসসির ফল ওয়েবসাইট ছাড়াও মুঠোফোনে খুদে বার্তার মাধ্যমে প্রকাশ করা হয়।

● **নিজস্ব প্রতিবেদক**

# প্রযুক্তি কমিয়েছে ভোগান্তি

**আজাদী প্রতিবেদন** ॥ পাবলিক পরীক্ষার ফলাফল জানতে অতীতের মতো এখন আর ভোগান্তি পোহাতে হয় না। বরঞ্চ, দিনদিন সহজ থেকে সহজতর হচ্ছে। প্রযুক্তির উন্নয়ন এবং এর ব্যবহারের ফলেই তা সম্ভব হচ্ছে। ওয়েবসাইটের পাশাপাশি মুঠোফোনে খুদেবার্তার মাধ্যমে ফলাফল জানার সুযোগ বেশ কয়বছর আগে থেকেই পাচ্ছে শিক্ষার্থীরা। অবশ্য প্রযুক্তির ব্যবহারের শুরু থেকে কেবল একটি ওয়েবসাইটে ফলাফল প্রকাশ করা হতো। দুপুর ২টার পর লাখ-লাখ শিক্ষার্থী একই সময়ে ওয়েবসাইটে ফল জানার চেষ্টা করতো। এতে অনেকে ওয়েবসাইটেও প্রবেশের সুযোগ পেতো না। তাই ফলাফল জানতে ভোগান্তি লেগেই ছিল। এছাড়া, শিক্ষাপ্রতিষ্ঠানের সামগ্রিক ফলাফল ওয়েবসাইটে পাওয়া যেতো না, সংগ্রহ করতে হতো সংশিষ্ট জেলা প্রশাসনের কার্যালয় থেকে। ভোগান্তি পোহাতে হতো দূর-দূরান্তের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে। এবার শিক্ষাবোর্ডের একটি উদ্যোগের ফলে শিক্ষার্থীর পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকেও ভোগান্তি পোহাতে হয়নি বললেই চলে। সারাদেশের জন্য থাকা মন্ত্রণালয়ের ওয়েবসাইটটির পাশাপাশি নিজেদের ওয়েবসাইটেও আলাদাভাবে ফলাফল প্রকাশ করেছে চট্টগ্রাম শিক্ষাবোর্ড। এতে কোন শিক্ষার্থী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রবেশ বা ফলাফল জানতে ব্যর্থ হলেও শিক্ষাবোর্ডের ওয়েবসাইট থেকে নির্বিঘ্নে ***৯ম পৃষ্ঠার ৬ষ্ঠ কলাম***

# দুই কোটি টাকারও বেশি সম্মানী অনলাইনেই দিচ্ছে শিক্ষাবোর্ড

## প্রথমবার পেলেন সাড়ে তিন হাজার পরীক্ষক

**রতন বড়ুয়া ॥**

সম্মানীসহ পরীক্ষকদের যাবতীয় বিল অনলাইনে পরিশোধের কাজ শুরু করেছে চট্টগ্রাম শিক্ষাবোর্ড। প্রথম দফায় ২০১৪ সালের জেএসসির উত্তরপত্র মূল্যায়নকারী পরীক্ষকদের প্রায় ২ কোটি টাকা ২০ লাখ টাকার সম্মানী এ প্রক্রিয়াতেই (অনলাইনে) দিচ্ছে প্রতিষ্ঠানটি। মোবাইল ব্যাংকিংয়ের আওতায় প্রথমবারের মতো সাড়ে তিন হাজার পরীক্ষক এরইমধ্যে অনলাইনে সম্মানী পেয়েছেন। শিক্ষাবোর্ডের সচিব ড. পীযূষ দত্ত এ তথ্য নিশ্চিত করেছেন।
শিক্ষাবোর্ড সূত্রে জানা যায়- মোট ৪ হাজার ২৪৬ জন পরীক্ষক এবং ৩৫০জন প্রধান পরীক্ষক ২০১৪ সালের জেএসসির উত্তরপত্র মূল্যায়নের দায়িত্ব পালন করেন। আর এসব পরীক্ষক সম্মানী বাবদ শিক্ষাবোর্ডের কাছে পাওনা রয়েছেন প্রায় দুই কোটি বিশ লাখ টাকা। বোর্ডের তথ্য মতে- সাড়ে ৪ হাজার পরীক্ষকের মধ্যে গত বৃহস্পতিবার পর্যন্ত ৩ হাজার ৪৪৯ জনের সম্মানী পরিশোধ করেছে বোর্ড কর্তৃপক্ষ। আর পরিশোধিত *৯ম পৃষ্ঠার ৪র্থ কলাম*

Print News Continue

### কমবে ভোগান্তি, পরীক্ষকদের সম্মানী যাবে মোবাইলে

# বিশ হাজারেরও বেশি শিক্ষককে মোবাইল ব্যাংকিংয়ের আওতায় আনছে শিক্ষাবোর্ড

**রতন বড়ুয়া ॥** বছর ঘুরে আবার ঘনিয়ে এসেছে জেএসসি (জুনিয়র স্কুল সার্টিফিকেট) পরীক্ষা। মাত্র একমাস পরই (১ নভেম্বর) শুরু হচ্ছে ২০১৫ সালের এ পাবলিক পরীক্ষা। কিন্তু বছর ঘুরে পরীক্ষা আসলেও এখনো পর্যন্ত ২০১৪ সালের (গতবারের) জেএসসির উত্তরপত্র মূল্যায়নের সম্মানী পান নি পরীক্ষকরা। কেবল জেএসসি নয়, একই চিত্র এসএসসি এবং এইচএসসির বেলায়ও। সম্মানী পেতে দীর্ঘসূত্রিতাসহ নানা ভোগান্তি নিয়ে উত্তরপত্র মূল্যায়নকারী শিক্ষকদের (পরীক্ষক) অভিযোগ দীর্ঘদিনের। শিক্ষকদের অভিযোগ- উত্তরপত্র মূল্যায়নের পর এক বছরেও এর সম্মানী পাওয়া যায়না। ক্ষেত্র বিশেষে ১৪ থেকে ১৬ মাসও লেগে যায়। এ নিয়ে বোর্ড ও শিক্ষা প্রশাসনের উপর শিক্ষকরা বেজায় নাখোশ।
আর শিক্ষকদের অভিযোগের জবাবে বোর্ড কর্তৃপক্ষের দাবি, বিশাল সংখ্যক পরীক্ষকের (প্রতিটি পাবলিক পরীক্ষায় দশ হাজারের কিছু কম বা বেশি) মূল্যায়িত উত্তরপত্রের সংখ্যা বিচারে তালিকা প্রস্তুত, চেক প্রস্তুত ও পুনরায় নিরীক্ষা এবং পরবর্তীতে ডাকযোগে তা শিক্ষকদের নিকট প্রেরণ করতে গিয়ে এই সময় লেগে যায়। তাছাড়া জনবল সংকটের মাঝেই একটির পর আরেকটি পাবলিক পরীক্ষার প্রস্তুতি, আয়োজন, গ্রহণ, উত্তরপত্র বিতরণ এবং পুনরায় ফলাফল প্রস্তুতের কাজ করতে গিয়ে বোর্ডের এমনিতেই হিমশিম অবস্থা।
তবে শিক্ষকদের এই ভোগান্তি লাঘবে উদ্যোগ নিয়েছে চট্টগ্রাম শিক্ষাবোর্ড। উত্তরপত্র মূল্যায়নের সম্মানীসহ শিক্ষকদের যাবতীয় বিল এখন থেকে মোবাইলে (মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে) প্রদানের সিদ্ধান্ত নিয়েছে বোর্ড কর্তৃপক্ষ। এ লক্ষ্যে বোর্ডের অধীন সকল শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল-কলেজ) সব শিক্ষককে (বিশ হাজারেরও বেশি) মোবাইল অ্যাকাউন্টের আওতায় আনা হচ্ছে। শিক্ষাবোর্ডের দায়িত্বশীল সূত্রে এ তথ্য জানা গেছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, উত্তরপত্র মূল্যায়নের সম্মানীসহ বিভিন্ন বিল *১১ পৃষ্ঠার ৬ষ্ঠ কলাম*

# এবার পূর্ণাঙ্গ অনলাইনে আসছে সরকারি স্কুলের ভর্তি প্রক্রিয়াও

## চট্টগ্রামেই প্রথম এ প্রক্রিয়া চালু করছে জেলা প্রশাসন

**রতন বড়ুয়া** ॥ এবার পূর্ণাঙ্গ অনলাইনে আসছে সরকারি স্কুলের ভর্তি প্রক্রিয়াও। এ বছর থেকে নগরীর নয়টি সরকারি স্কুলে এ প্রক্রিয়াতেই (পূর্ণাঙ্গ অনলাইনেই) ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। সর্ব প্রথম চট্টগ্রামেই এ প্রক্রিয়া (পূর্ণাঙ্গ অনলাইন) চালুর সিদ্ধান্ত গ্রহণ করেছে চট্টগ্রাম জেলাপ্রশাসন। বিষয়টি নিশ্চিত করেছেন জেলা প্রশাসক মেজবাহ উদ্দিন। তিনি বলেন, 'সারাদেশে আমরাই প্রথম এ সিদ্ধান্ত নিয়েছি। আর কোথাও করুক, না করুক; এবার আমরা পুরোটাই অনলাইনেই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবো। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের ভোগান্তি কমবে।'

এদিকে, অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পাদনের জন্য ইতোমধ্যে সিস্টেমও (সফটওয়্যার) প্রস্তুত হয়ে গেছে বলে নিশ্চিত করেছেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. দৌলতুজ্জামান খাঁন। সংশ্লিষ্টরা বলছেন, পূর্ণাঙ্গ অনলাইন প্রক্রিয়া চালুর ফলে আগের মতো সংশ্লিষ্ট স্কুল থেকে ভর্তি ফরম সংগ্রহ ও তা পূরণ করে জমাদানের প্রয়োজন পড়বে না। অনলাইনেই সব প্রক্রিয়া সম্পাদন করতে পারবে সংশ্লিষ্টরা। এতে করে নানা ভোগান্তি থেকে মুক্তি পাবে ভর্তিচ্ছু শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা।

জেলাপ্রশাসন থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী- বিগত বছরগুলোর ধারাবাহিকতায় এবারও ডিসেম্বরের মাঝামাঝি সময়ে নগরীর নয়টি সরকারি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর আগে ডিসেম্বরের শুরুর দিকে ভর্তি প্রক্রিয়ার (অনলাইনে ফরম পূরণ) সূচিসহ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। আর ভর্তি পরীক্ষা গ্রহণের প্রস্তুতির অংশ হিসেবে নভেম্বরের প্রথম সপ্তাহে বৈঠক আহ্বান করতে যাচ্ছে জেলা প্রশাসন। ওই বৈঠকে ভর্তি *৯ম পৃষ্ঠার ৭ম কলামে*

রোববার ৯ ফেব্রুয়ারি ২০১৪

# শিক্ষাবোর্ডের ওয়েব পোর্টালে যুক্ত হচ্ছে সাড়ে বারশ শিক্ষা প্রতিষ্ঠান

## দুর্ভোগ কমবে শিক্ষক-শিক্ষার্থীদের

**রতন বড়ুয়া ॥** শিক্ষা বোর্ডের ওয়েব পোর্টালের সাব ডোমেইনে অন্তর্ভুক্ত হতে যাচ্ছে সাড়ে বার'শ শিক্ষা প্রতিষ্ঠান। এর মাধ্যমে পূর্ণাঙ্গ ডিজিটালের পথে আরো একধাপ এগিয়ে যাচ্ছে চট্টগ্রাম শিক্ষা বোর্ড। ওয়েব পোর্টালে যুক্ত হলে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, পরীক্ষার ফরম পূরণ, কলেজ ভর্তিসহ নানাবিধ কার্যক্রম অনলাইনেই সম্পন্ন করতে পারবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো। এতে বোর্ডে যাওয়া-আসা বাবদ অর্থ ও সময় অপচয়ের হাত থেকে রেহাই পাবে শিক্ষাপ্রতিষ্ঠান সংশ্লিষ্টরা। এছাড়া শিক্ষক-শিক্ষার্থীদের ভোগান্তিও অনেকাংশে কমবে। জানা গেছে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অনুমোদন ও স্বীকৃত প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা সাড়ে বার'শ। তন্মধ্যে, ২১২টি কলেজ এবং বাকি ১ হাজার ৩৮টি স্কুল পর্যায়ের প্রতিষ্ঠান।

চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উপ-সচিব মো. মাহবুব হাসান জানান, সাড়ে বার'শ শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে বোর্ডের ওয়েব পোর্টালের সাব ডোমেইনে যুক্ত হতে ৭৩৩টি প্রতিষ্ঠান আবেদন করেছে। এর মাঝে গত ৫ ফেব্রুয়ারি ৬৬৯টি প্রতিষ্ঠানকে অনুমোদন দিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে। এখন প্রতিষ্ঠানগুলো নিজেরাই তাদের যাবতীয় তথ্য ওয়েবসাইটে দিতে পারবে। বাকী যে প্রতিষ্ঠানগুলো এখনো আবেদন করেনি তাদেরকে শীঘ্রই আবেদন করার জন্য ইতোমধ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে জানিয়ে তিনি বলেন, বোর্ডের ওয়েব সাইটের পাশাপাশি দৈনিক পত্রিকায়ও এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। *৯ম পৃষ্ঠার ১ম কলাম*

দৈনিক আজাদী
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক






# অনলাইনের আওতায় আসছে নাম-বয়স সংশোধন কার্যক্রম

**আজাদী প্রতিবেদন**

মঙ্গলবার , ২৮ নভেম্বর, ২০১৭ at ৪:১৬ পূর্বাহ্ণ

শিক্ষার্থীদের সনদ ও মার্কশীটে নাম–বয়সসহ বিভিন্ন ভুল সংশোধনের আবেদন প্রক্রিয়া অনলাইনের আওতায় আনছে চট্টগ্রাম শিক্ষাবোর্ড। এ লক্ষ্যে প্রযুক্তি প্রতিষ্ঠান 'কপেট্রনিক্স ইনফো সিস্টেমস লিমিটেড'র সাথে চুক্তিবদ্ধ হয়েছে শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ। চুক্তির পর এ সংক্রান্ত সফটওয়ার তৈরির কাজও প্রায় শেষ করেছে প্রতিষ্ঠানটি। সবকিছু ঠিক থাকলে অল্প সময়ের মধ্যেই অনলাইনে এ আবেদন প্রক্রিয়া চালুর আশা প্রকাশ করেছেন শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর শাহেদা ইসলাম। প্রফেসর শাহেদা ইসলাম বলেন, শিক্ষাবোর্ডের অনেক কার্যক্রম ইতোমধ্যে অনলাইনের আওতায় আনা হয়েছে। যে কোনো কার্যক্রম ডিজিটাইলাইজ করা হলে সেবা গ্রহীতারা অধিক সুবিধা ভোগ করতে পারেন। এতে ভোগান্তি কমে, সুফল বেশি পাওয়া যায়। নাম–বয়স সংশোধনের কার্যক্রমও এক ধরনের বৃহৎযজ্ঞ। মাসে ৫ শতাধিক আবেদন নিষ্পত্তি করতে হয় বোর্ডকে। আর এই আবেদন প্রক্রিয়ায় একাধিকবার শিক্ষার্থীদের বোর্ডে আসতে হয়। আমরা শিক্ষার্থী–অভিভাবকদের ভোগান্তি লাগবে এই আবেদন প্রক্রিয়া অনলাইনের আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছি। অনলাইনে এ প্রক্রিয়া চালু হলে সেবা গ্রহীতাদের ভোগান্তি অনেক কমবে বলেও মনে করেন বোর্ড চেয়ারম্যান।

শিক্ষাবোর্ড সূত্রে জানা যায়, পাবলিক পরীক্ষার সনদ ও মার্কশীটে নাম–বয়সসহ শিক্ষার্থীদের বিভিন্ন ভুল তথ্য সংশোধনের জন্য প্রতি মাসে ৫ শতাধিক আবেদন জমা পড়ে বোর্ডে। এসব সংশোধনী অনুমোদনের জন্য মাসে অন্তত একবার করে সভা আহ্বান করতে হয় বোর্ডকে। হিসেবে বছরে প্রায় ৬ হাজার আবেদন জমা পড়ে বিভিন্ন ভুল সংশোধনের। এই ভুল সংশোধনের প্রক্রিয়ায় আবেদন জমা দেয়া, ফি জমা করা, কমিটির সভায় উপস্থিত হওয়া এবং শুদ্ধ সনদ বা মার্কশীট উত্তোলনসহ অন্তত ৪/৫ বার করে স্বশরীরে বোর্ডে আসতে হয় শিক্ষার্থী ও অভিভাবকদের।

অনলাইনের আওতায় আসলে ঘরে বসেই আবেদনের পাশাপাশি ফি'ও জমা করতে পারবেন শিক্ষার্থী–অভিভাবকরা। আবেদন ও ফি প্রদানের জন্য আর বোর্ডে আসার প্রয়োজন পড়বে না।

এ তথ্য নিশ্চিত করে শিক্ষাবোর্ডের ইনোভেশন টিমের প্রধান ও উপ–পরিচালক (হিসাব ও নিরীক্ষা) প্রফেসর মো. শওকত আলম বলেন, বর্তমানে আবেদনের সাথে সোনালী ব্যাংকের মাধ্যমে ম্যানুয়ালি ফি জমা দিতে হয় আবেদনকারীকে। আর এ জন্য স্বশরীরে বোর্ডে আসতে হয় শিক্ষার্থীদের। অনলাইনে চালু হলে আবেদন ও ফি জমা করতে আর বোর্ডে আসার প্রয়োজন হবে না। সব ধরনের মোবাইল ব্যাংকিং (বিকাশ, ডাচ–বাংলা মোবাইল ব্যাংকিংসহ অন্যান্য) ও কার্ডের (ভিসা, মাস্টার, ক্রেডিট কার্ড) মাধ্যমে এ ফি জমা করা যাবে। এতে করে সেবা গ্রহীতাদের ঝামেলা ও ভোগান্তি অনেকাংশে কমবে।

চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানটি সফটওয়ার সরবরাহ করলে প্রাথমিক পর্যায়ে কিছুদিন পরীক্ষমূলক কার্যক্রম (ট্রায়াল) চালানো হবে জানিয়ে প্রফেসর মো. শওকত আলম বলেন, ট্রায়ালে ইতিবাচক ফল পেলে আমরা আনুষ্ঠানিক ভাবে অনলাইনে এ কার্যক্রম চালু করবো। কয়েক মাসের মধ্যে এ প্রক্রিয়া চালুর সম্ভাবনার কথাও জানালেন তিনি।

এ বিষয়ে জানতে চাইলে প্রযুক্তি প্রতিষ্ঠান কর্পেট্রনিক ইনফো সিস্টেমস লিমিটেড'র ব্যবস্থাপনা পরিচালক ইমরুল ইসলাম চৌধুরী ইমন আজাদীকে বলেন, আমরা সফটওয়ারটি প্রস্তুতের কাজ শেষ করেছি। বর্তমানে নিজেরা ট্রায়াল দিয়ে দেখছি। অল্প সময়ের মধ্যেই সফটওয়ারটি বোর্ডের কাছে হস্তান্তর করা হবে বলেও জানান তিনি।